চাকরির সুযোগ দিচ্ছে স্কয়ার টয়লেট্রিজ

স্কয়ার টয়লেট্রিজ লিমিটেডে ‘হেড অব কোয়ালিটি প্রোডাকশন’ পদে জনবল নিয়োগ দেওয়া হবে। আগ্রহীরা আগামী ১০ ফেব্রুয়ারি পর্যন্ত আবেদন করতে পারবেন।

প্রতিষ্ঠানের নাম: স্কয়ার টয়লেট্রিজ লিমিটেড

পদের নাম: হেড অব কোয়ালিটি প্রোডাকশন
পদসংখ্যা: নির্ধারিত নয়
শিক্ষাগত যোগ্যতা: এমএসসি ইন কেমেস্ট্রি/অ্যাপ্লায়েড কেমেস্ট্রি অভিজ্ঞতা: ১৫ বছর
বেতন: আলোচনা সাপেক্ষে

চাকরির ধরন: ফুল টাইম
প্রার্থীর ধরন: নারী-পুরুষ
বয়স: ৪৮ বছর
কর্মস্থল: পাবনা

আবেদনের নিয়ম: আগ্রহীরা https://www.jagojobs.com/production/141164 এর মাধ্যমে আবেদন করতে পারবেন।

আবেদনের শেষ সময়: ১০ ফেব্রুয়ারি ২০২১

সূত্র: জাগোজবস ডটকম

বঙ্গবন্ধুর ভাস্কর্য ভাংচুরের

প্রতিবাদে কুষ্টিয়ায় মানববন্ধন

“জাতির পিতার সম্মন রাখবো মোরা অম্লান”- এই শ্লোগানকে সামনে রেখে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ভাস্কর্য ভাংচুর ও অবমূল্যায়নের প্রতিবাদে মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করেছে বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি)র কুষ্টিয়া জেলায় কর্মকর কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

বঙ্গবন্ধু পরিষদ এর আয়োজনে মঙ্গলবার সকাল সাড়ে এগারোটায় শহরের শাপলা চত্বর বঙ্গবন্ধুর ভাস্কর্যের সামনে এ মানববন্ধন ও প্রতিবাদ সমাবেশ করে বিএডিসি’র কর্মকর্তা-কর্মচারীবৃন্দ।

বঙ্গবন্ধু পরিষদের সভাপতি ও বিএডিসি কুষ্টিয়ার যুগ্মপরিচালক (সার) কৃষিবিদ মোঃ সেলিম হায়দাদের সভাপতিত্বে মানববন্ধন চলাকালে বক্তব্য রাখেন বিএডিসি কুষ্টিয়ার (সার) উপসহকারী পরিচালক মুহাম্মদ মাহবুব আলম, উপ-পরিচালক (বীজ) আবু জাফর মোঃ নেয়ামত উল্লাহ, বিএনডিসি (সেচ)’র নির্বাহী প্রকৌশলী মোঃ নুরুল ইসলাম প্রমুখ।

কুষ্টিয়ায় ট্রাকচাপায় প্রাণ গেলো চালকল শ্রমিকের

কুষ্টিয়ার দৌলতপুরে ট্রাক চাপায় হানিফ আলী (৩৩) নামে এক চালকল শ্রমিকের মৃত্যু হয়েছে।
বৃহস্পতিবার সকালে উপজেলার আল্লারদর্গা-সোনাইকুন্ডি সড়কের হিসনা নদীর ব্রীজের ওপর এ দুর্ঘটনা ঘটে।

নিহত শ্রমিক হানিফ আলী দৌলতপুর উপজেলার মসলমপুর লক্ষীখোলা গ্রামের বজলুর রহমানের ছেলে। সে আল্লারদর্গা বায়োজীদ এগ্রোফুড চালকল মিলের শ্রমিক হিসেবে কাজ করতেন।

দৌলতপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) জহুরুল আলম জানান,

হানিফ বাইসাকেল যোগে আল্লারদর্গা বায়োজীদ এগ্রোফুড চালকল মিলে কাজে যাচ্ছিলেন। এসময় আল্লারদর্গা-সোনাইকুন্ডি সড়কের হিসনা নদীর ব্রিজের ওপর পৌঁছালে বিপরীত দিক থেকে আসা দ্রুতগামী একটি বালি ভর্তি ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই হানিফ নিহত হন।নিহতের মরদেহ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে বলেও জানান তিনি। এ ঘটনায় ঘাতক ট্রাকচালককে আটক করা সম্ভব হয়নি।

ঝিনাইদহে রাস্তা নেই, তবুও ব্রীজ

পিছনের লিড
ছবি-৭

ঝিনাইদহের সদর উপজেলার সুরাট ইউনিয়নের সুরাট গ্রামে রাস্তা নেই তবুও পরের জায়গায় নির্মাণ করা হয়েছে ব্রীজ। এর প্রয়োজনীয়তা নিয়েও প্রশ্ন তুলেছেন এলাকাবাসী। যার দুই পাশে নেই কোন সরকারি রাস্তা। এখন ব্রীজটি ধান শুকানোর কাজে ব্যবহার করছে স্থানীয় জনগণ। জমির মালিকের অভিযোগ, জমি বাবদ তাকে কোন প্রকার অর্থ পরিশোধ না করেই ব্রীজটি নির্মাণ করা হয়।
উপজেলা পিআইও অফিস সূত্রে জানা যায়, সুরাট গ্রামের ঝাপের খালের উপর এক পেয়ে পথের মাঝে ১৬ লাখ ৩১ হাজার ৩২৫ টাকা ব্যয়ে ২০ ফিটের ব্রীজটি নির্মাণ করেন দুর্যোগ ও ত্রাণ মন্ত্রণালয়। নির্মাণ কাজটি বাস্তবায়ন করেছে ঝিনাইদহের ঠিকাদারী প্রতিষ্ঠান জেন্টস ফ্যাশন।
২০১৮-১৯ অর্থবছরে এই কাজের টেন্ডার হয়। তৎকালীন জেলা প্রশাসক জাকির হোসেন এই টেন্ডারের লটারি পরিচালনা করেন। কিন্তু এই এক-পায়ের পথের উপর এত টাকা ব্যয়ে নির্মিত ব্রীজটি কোন কাজেই আসছে না বলে মনে করেন এলাকাবাসী।
এই বিষয়ে ঝিনাইদহ সদর উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিউটন বাইন বলেন, আমি এখানে যোগদান করার পূর্বেই ব্রীজটি নির্মাণের সকল প্রক্রিয়া সম্পন্ন হয়। এজন্য আমার কিছুই করার ছিলো না। এই বিষয়ে ঝিনাইদহ জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা বজলুর রশিদের

কার্যালয়ে সাক্ষাতের জন্য তিন দিন গেলেও তাকে অফিসে পাওয়া যায়নি। তাকে মোবাইলে বার বার কল দিয়েও পাওয়া যায়নি।
এই অফিসের এক কর্মচারী জানান, আমরা শুধু পোস্টম্যানের মত চিঠি আদান প্রদান করি। প্রকল্প বিষয়গুলি সব উপজেলা প্রকল্প অফিসাররা দেখেন।
সরেজমিনে যেয়ে দেখা যায়, ঝিনাইদহ থেকে সুরাট যাওয়ার পাকা রাস্তার পাশেই ঝাপের খালের পাশ দিয়ে পশ্চিমে মাঠে যাওয়ার এক পেয়ে পথের উপরে নির্মাণ করা হয়েছে ব্রীজটি। এই ব্রীজের উপর ধান শুকাচ্ছে স্থানীয় এক নারী। রাস্তা করার সরকারি কোন জমিও নেই এখানে। ব্রীজের পূর্ব ও পশ্চিম পাশে কায়েক শত ফিটের মধ্যে কোন রাস্তা নেই। ব্রীজের দক্ষিণ প্রান্তে জলাকার ২০-২২ ফিটের মত। দেখে মনে হচ্ছে পুকুর খনন করা হয়েছে। পূর্বে এই যায়গায় পানি জমে না থাকলেও ব্রীজ নির্মাণের বৈধতা দেখাতে এখানে খনন করা হয়েছে।
নাচনা-সুরাট সড়কের সাথে এই ঝাপের খালে ২০০ মিটারের মধ্যে আরও ২টি ব্রীজ রয়েছে। এই দুটি ব্রীজে সংযুক্ত খাল দিয়ে আশপাশের ফসলি মাঠ থেকে বৃষ্টির পানি নেমে আসে।
জমির মালিক জাহাঙ্গীর বিশ্বাস অভিযোগ করে বলেন, আমার জমি বাবদ কোন প্রকার অর্থ প্রদান না করেই ব্রীজ নির্মাণ করা হয়েছে। তিনি এর সুষ্ঠু তদন্ত সাপেক্ষে ক্ষতিপূরণ দাবি করেছেন।

সিঙ্গাপুরে ‘প্রেমিকা’ হত্যায় বাংলাদেশির মৃত্যুদণ্ড

প্রায় দুই বছর আগে এক ইন্দোনেশিয়ান নারী হত্যার দায়ে এক বাংলাদেশি যুবককে মৃত্যুদণ্ডের সাজা দিয়েছেন সিঙ্গাপুরের আদালত।

নিহত ইন্দোনেশিয়ান নারীর নাম নুর হিদায়াতি ওয়ার্টনো সুরতা (৩৪)।

তার সঙ্গে ওই বাংলাদেশির প্রেমের সম্পর্ক ছিল। তবে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ওই বাংলাদেশির নাম-পরিচয় প্রকাশ করেননি আদালত।

সোমবার মালয়েশিয়ার সংবাদমাধ্যম স্ট্রেইট টাইমসহ সিঙ্গাপুরের

জাতীয় দৈনিকগুলোতে এ তথ্য জানিয়ে প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।

প্রতিবেদনে বলা হয়েছে, ইন্দোনেশিয়ান নুর হিদায়াতির সঙ্গে প্রেমের সম্পর্ক ছিল বাংলাদেশি যুবকের। তবে একসময় বিচ্ছেদ ঘটিয়ে বাংলাদেশিকে ছেড়ে অন্য একজন যুবকের সঙ্গে সম্পর্ক গড়েন নুর হিদায়াতি। বিষয়টি মেনে নিতে পারেনি ওই বাংলাদেশি। নুর হিদায়াতি ফিরে আসতে বারবার অনুরোধ জানালেও তিনি অস্বীকার করেন। এতে ক্ষিপ্ত হয়ে নুর হিদায়াতিকে হত্যার ছক আঁকেন বাংলাদেশি। পূর্বপরিকল্পনা অনুযায়ী, ২০১৮ সালের ৩০ ডিসেম্বর সিঙ্গাপুরের গোল্ডেন ড্রাগন হোটেলে রুম ভাড়া করে সেখানে নুর হিদায়াতিকে ডেকে আনেন বাংলাদেশি যুবক। হোটেল রুমে শ্বাসরোধ করে নুর হিদায়াতিকে হত্যা করে পালিয়ে যান তিনি।

হত্যার কারণ সম্পর্কে বাংলাদেশি যুবক আদালতকে জানান, নুর হিদায়াতি তাকে ছেড়ে অন্য একজনের সঙ্গে সম্পর্ক গড়েন। তাকে ফিরে আসতে বললে তিনি বলতে থাকেন, ‘আমার নতুন বয়ফ্রেন্ড তোমার চেয়েও সুপুরুষ ও সম্পদশালী।’ নুর হিদায়াতির এমন কথায় তিনি প্রচণ্ড অপমান বোধ করে তাকে হত্যার পরিকল্পনা করেন।

রায় প্রসঙ্গে বিচারক বলেছেন, এ হত্যাকাণ্ড পূর্বপরিকল্পিত। ময়নাতদন্ত রিপোর্টে বলা হয়েছে, গলায় দড়ি দিয়ে পেঁচিয়ে শ্বাসরোধ করে ইন্দোনেশিয়ান নারীকে হত্যা করা হয়েছে। হোটেলে প্রবেশের আগে পকেটে দড়ি নিয়ে ঢুকেছিল হত্যাকারী যুবক। ইন্দোনেশিয়ান নারীর ব্যাংক অ্যাকাউন্ট থেকে আগেই সব অর্থ তুলে ফেলা হয়েছিল।

তবে আসামিপক্ষের আইনজীবীর দাবি, ওই বাংলাদেশি যুবক মনোরোগে আক্রান্ত।

যদিও এর পক্ষে উপযুক্ত যুক্তিপ্রমাণ আদালতে উপস্থাপন করতে পারেননি আসামিপক্ষের আইনজীবী।

গাংনীর তেরাইলে কালভার্টটিকে বাঁশের খুঁটি দিয়ে রক্ষার চেষ্টা

কালভার্ট দিয়ে চলাচল করে ছয় গ্রামের মানুষ। ৪০ বছর আগে কালভার্টটি নির্মাণ করা হলেও এখন আর চলাচলের উপযোগী নেই। এর কিছু অংশ ভেঙে গেছে। চলাচলের উপযোগী রাখতে সর্বশেষ বাঁশের খুঁটির ঠেকনা দেয়া হয়েছে।
মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামের পাশ দিয়ে বয়ে চলা সেউটিয়া খালের ওপর নির্মিত কালভার্টটি ব্যবহারের অনুপযোগী হলেও কয়েক গ্রামের মানুষ জীবনের ঝুঁকি নিয়ে এই ওপর দিয়ে চলাচল করছেন। স্থানীয়দের সঙ্গে কথা বলে জানা গেছে, প্রায় ৪০ বছর আগে কালভার্ট নির্মাণ করা হয়ে। বর্তমানে কালভার্টটি চলাচলের অনুপযোগী। তারপরও এর সংস্কারের উদ্যোগ নেয়নি কর্তৃপক্ষ। যে কোনো সময় ভেঙে পড়তে পারে। প্রয়োজনের তাগিদে স্থানীয়রা বাঁশের খুঁটি দিয়ে কালভার্টটি ভেঙে পড়া থেকে রক্ষ করেছেন।
তেরাইল গ্রামের বাসিন্দা জাহিদ হোসেন, জাহাঙ্গীর বিশ্বাস ও মান্নান জানান, নির্মাণের পর সাধারণ মানুষ শুধু খাল পাড়ি দিতেই কালভার্টটি ব্যবহার করতেন। তবে গত কয়েক বছর ধরে গাংনী উপজেলা শহর ও ছয়টি গ্রামের মানুষের যোগাযোগের একমাত্র মাধ্যম এই কালভার্ট। সময় গড়ানোর সঙ্গে সঙ্গে কালভার্টটির ওপর যানবাহনের চাপ বাড়তে থাকে। তিন বছর আগে এটি ভেঙে গেছে। এরপরও সংস্কারের উদ্যোগ নেয়া হয়নি। এখন সাধারণ মানুষ পড়েছেন চরম বিপাকে। পাঁচ মিটার দীর্ঘ এ কালভার্ট বর্তমান সড়কের সঙ্গেও বেমানান।
দেবীপুর গ্রামের বৃদ্ধ রাশিদুল জানান, প্রায় ৪০ বছর আগে কালভার্টটি নির্মিত হয়। নির্মাণকালে মাটি ধসে দুই নির্মাণশ্রমিক মারা যায়। বর্তমানে এর ব্যবহার খুবই ঝুঁকিপূর্ণ।
বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শহিদুল ইসলাম বিশ্বাস জানান, কালভার্টটি নির্মাণের পর কখনো সংস্কারের উদ্যোগ নেয়নি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। বিভিন্ন সময় উপজেলা প্রকৌশল অফিসে যোগাযোগ করা হয়েছে। কোনো কাজ হয়নি।
তিনি বলেন, ‘স্থানীয়দের সহযোগিতায় আপাতত বাঁশের খুঁটি দিয়ে কালভার্টটি রক্ষা করার চেষ্টা করা হয়েছে। জীবনের ঝুঁকি নিয়ে কোনো রকমে মাঠ থেকে কৃষকরা তাদের ফসল ঘরে তুলছেন। এলাকার

লোকজনও ঝুঁকি নিয়ে চলাচল করছেন।’
চেয়ারম্যান আরও বলেন, ‘কালভার্টটি প্রায় ভেঙে পড়ার উপক্রম। দেবে গেছে একটি অংশ। ছয় থেকে সাত মাস আগে এর ছাদের এক কোনা ভেঙে পড়ে। যে কোনো সময় বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কা রয়েছে।’
মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য সাহিদুজ্জামান খোকন জানান, সরেজমিন গিয়ে কালভার্টটি পরিদর্শন করা হয়েছে। দুর্যোগ মন্ত্রণালয়ে রিপোর্ট করা হয়েছে। আশা করি খুব শিগগিরই টেন্ডার হবে।
গাংনী উপজেলার প্রকৌশলী গোলাপ আলী শেখ জানান, কালভার্টটি রিপ্লেসমেন্ট করার জন্য আমরা অনেক দিন ধরেই ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করেছি।

কুষ্টিয়ার ট্রাক চাপায় সড়ক দুর্ঘটনায় শ্রমিক নিহত

কুষ্টিয়া শহর ত্রিমোহনী বাইপাসে সড়ক দুর্ঘটনায় মেজবার মন্ডল
(৬০) নামের এক শ্রমিক নিহত হয়েছেন।

শনিবার রাতে ত্রিমোহনী বাইপাস মোড়ে এ দুর্ঘটনা ঘটে।

নিহত মেজবার মন্ডল (৬০) কুষ্টিয়া সদর উপজেলার জুগিয়া মন্ডলপাড়া এলাকার মৃত আব্দুস সামাদের ছেলে।

পুলিশ ও স্থানীয় সূত্র জানায়, কুষ্টিয়া বিটিসিতে ডিউটি শেষ করে বাই সাইকেল যোগে বাড়ী ফিরছিলো। পথিমধ্যে ত্রিমোহনী বাইপাস সংলগ্ন রাস্তা পার হওয়ার সময় একটি দ্রুতগামী ট্রাকের নিচে পড়ে যান তিনি। এতে মেজবার মন্ডল ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ঘটনা স্থলেই মারা যান।

কুষ্টিয়া মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, খবর পেয়ে মডেল থানার পুলিশ ও ফায়ার সার্ভিসের কর্মীরা ঘটনাস্থল থেকে নিহত শ্রমিকের লাশ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালের মর্গে পাঠায়। খুব দ্রুতভাবে সিসি

ফুটেজের মাধ্যমে ট্রাকটি আটকের অভিযান চলছে।

এসএম জামাল, কুষ্টিয়া থেকে।

গাংনীর রামনগরে যুবলীগের জিয়ার বল প্রদান

গাংনী উপজেলার ৪ নং বামন্দী ইউনিয়নের রামনগর গ্রামের ফুটবল খেলোয়াড়দের মাঝে বামন্দী ই্উনিয়ন ছাত্রলীগের সাবেক সভাপতি ও ইউনিয়ন যুবলীগের সাংগঠনিক সম্পাদক জিয়ারুল হক একটি ফুটবল প্রদান করেছে।

গতকাল শনিবার বিকালে রামনগর ফুটবল মাঠে বল প্রদানের সময় উপস্থিত ছিলেন, বামন্দী ইউনিয়নের রামনগর ওয়ার্ডেও ইউপি সদস্য মোঃ হাবিল, সাবেক ইউপি সদস্য মোঃ পান্না, ওয়ার্ড যুবলীগের সভাপতি আব্দুল আলীম এছাড়াও আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগ সহ স্থানীয় নেতাকর্মীরা।

ঝিনাইদহে ফ্রেন্ডলি টি-২০ ক্রিকেট অনুষ্ঠিত

ঝিনাইদহে ফ্রেন্ডলি টি-২০ ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার সকালে সরকারি বালক উচ্চ বিদ্যালয় মাঠে ক্রীড়া সংগঠক রাইসুল ইসলাম আসাদ এর পৃষ্ঠপোষকতায় এ ম্যাচের আয়োজন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ম্যাচ উদ্বোধন করেন ঝিনাইদহের অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আবুল বাসার।

এ সময় উপস্থিত ছিলেন শওকত মেমোরিয়াল ক্রিকেট একাডেমীর পরিচালক সৌরভ হোসেন, জেএসপি’র সভাপতি মিজানুর রহমান মিজু, পরিবেশক সমিতির সভাপতি ওয়ালিদ হাসান শিপার, ব্যবসায়ী নজরুল ইসলাম প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি আবুল বাসার বলেন, সবলদেহ ও মানসিক উৎকর্ষ সাধনের জন্য লেখাপড়ার পাশাপাশি শিক্ষার্থীদের খেলাধুলার গুরুত্ব দিতে হবে। এর আগে ক্রীড়া সংগঠক রাইসুল ইসলাম আসাদ এর পক্ষ থেকে খেলোয়াড়দের জার্সিসহ ক্রীড়া উপকরণ প্রদান করা হয়।

রাসূল (সাঃ) কে অবমাননার প্রতিবাদে কোটচাঁদপুরে ফ্রান্স বিরোধী বিক্ষোভ সমাবেশ

ফ্রান্সে রাসূল (সাঃ) এর ব্যঙ্গ কার্টুন প্রকাশ ও মুসলিমদের উপর নির্যাতনের প্রতিবাদে ঝিনাইদহের কোটচাঁদপুরে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। শুক্রবার বাদ জুম্মা শহরের মেইন বাসষ্টান্ড মসজিদ প্রাঙ্গন থেকে বাংলাদেশ তাহফুজে খতমে নবুওয়াত উপজেলা শাখার আয়োজনে এই বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়।

বিক্ষোভ মিছিলটি শহরের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে একই স্থানে শেষ হয়। পরে মেইন বাসষ্টান্ড চত্তরে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়।
সমাবেশে বক্তব্য রাখেন, উপজেলা তাহফুজে খতমে নবুওয়াতের সভাপতি মাওলানা আমান-উল্লাহ্ধসঢ়; আমান, সাধারণ সম্পাদক মুফতি মাহমুদুল হাসান, হাফেজ মাওলানা ইব্রাহিম খলিল সহ স্থানীয় ওলামা। সমাবেশে ফ্রান্সের প্রধান মন্ত্রী বিরোধী স্লোগান ও ফ্রান্সের পণ্য বয়কটের ঘোষণা দেওয়া হয়। বিক্ষোভ সমাবেশে বিভিন্ন মসজিদের হাজার হাজার ধর্ম প্রাণ মুসুল্লী অংশ গ্রহন করেন। এদিকে বিক্ষোভ

সমাবেশকে কেন্দ্র করে আইন-শৃঙ্খলা বজায় রাখতে কোটচাঁদপুর থানা পুলিশের পক্ষ থেকে নিরাপত্তা ব্যবস্থা বাড়ানো হয়।